




ISO 9001: 2015 CERTIFIED



নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ চৌমালা, নরসিংদী।



E-mail: narsingdipbs2@yahoo.com
Web : <http://pbs2.narsingdi.gov.bd/>

স্মারক নং - ২৭.১২.৬৮৬০.৫৩৫০১.০৩৮.২১. ২১১৪

তারিখ - ১৩ বৈশাখ ১৪২৮বঃ
২৬/০৪/২০২১ খ্রিঃ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসংগে।

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী “ মিটার রিডিং রেকর্ড কার্ড (বিলিং কার্ড) ” সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে “আর এফ কিউ (রিকোয়েস্ট ফর কোটেশন)” এর মাধ্যমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্র নং | মালামালের বিবরণ | পরিমাণ | একক মূল্য | মোট মূল্য | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | |
|--------|--|--|-----------|-----------|--|--|
| | | | | | গ্রহণ | খোলা |
| ০১. | মিটার রিডিং রেকর্ড কার্ড (বিলিং কার্ড) সাইজঃ-৮" x ৫.৫" ৩০০ গ্রাম উন্নতমানের কর্নফুলী পেপার উভয় পৃষ্ঠায় অফসেট ছাপ, কার্ডের উপর প্রান্তে মাঝখানে পাঞ্চ (একটি ছিদ্র) করা থাকতে হবে (নমুনা মোতাবেক) | ১,৮০,০০০ (এক লক্ষ আশি হাজার) কপি | | | তারিখ- ০৩/০৫/২০২১ খ্রিঃ সময় সকাল ১১:০০ ঘটিকা | তারিখ- ০৩/০৫/২০২১ খ্রিঃ সময় সকাল ১১:০৫ ঘটিকা |

(কথায় -)

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে উপরে বর্ণিত সময়সীমার দিন, তারিখ ও সময় সিনিয়র জেনারেল ম্যানেজার নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, চৌমালা, নরসিংদী এর বরাবরে অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা দরপত্র জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী অত্র পবিস এর সদর দপ্তর, চৌমালা, নরসিংদী এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ আগ্রহী দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্র খামের উপর “ মিটার রিডিং রেকর্ড কার্ড (বিলিং কার্ড) ” কথাটি স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সী ও আয়কর সনদ এর সত্যায়িত অনুলিপি অবশ্যই দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- সফল দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) টি কার্যদিবসের মধ্যে মালামাল নিজ খরচে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে পৌঁছাতে হবে। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তিমূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- মালামাল সমূহ উপরে বর্ণিত বিবরণ ও পবিস কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে গুণগতমান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামাল গুণগতমানসম্পন্ন না হলে সমিতি কর্তৃক কোন ক্রমেই মালামাল গ্রহণ করা হবে না।
- সন্তোষজনক মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে নরসিংদী পবিস-২ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- দরপত্রে উল্লেখিত মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে। এক্ষেত্রে প্রকৃত সংখ্যা/পরিমাণ অনুযায়ী বিল পরিশোধ করা হবে।
- দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে লিখিতভাবে জানাতে হবে।
- নরসিংদী পবিস-২ কর্তৃপক্ষ কর্তৃক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬/০৪/২১
(মোঃ ইউসুফ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি-সদয় অবগতি ও জ্ঞাপনার নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রচারের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল

- জেলা প্রশাসক, নরসিংদী।
- পুলিশ সুপার, নরসিংদী।
- মেয়র, নরসিংদী পৌরসভা।
- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- পরিচালক, কারিগরী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের নিমিত্ত অনুরোধসহ)
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, নরসিংদী।
- নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি/গণপূর্ত, নরসিংদী।
- ডিজিএম, সকল জোনাল অফিস, নরসিংদী পবিস-২।
- সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, নরসিংদী। (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের নিমিত্ত উপস্থিত থাকার অনুরোধ সহ)
- মেসার্স-.....।
- নোটিশ বোর্ড, নরসিংদী পবিস-২।
- ওয়েব সাইট-<http://pbs2.narsingdi.gov.bd/> Web: www.reb.gov.bd
- অফিস কপি/ মাষ্টার কপি।

২৬/৪/২১
(মোঃ ইউসুফ)